NYC Department of Education
Carmen Fariña, Chancellor

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি (FAQ)
3-8 গ্রেডের নিউ ইয়র্ক স্টেট টেস্ট-এ শিক্ষার্থীদের অংশগ্রহণ
প্যারেন্ট গাইড 2018

2015-এর ফেডারেলের প্রত্যেক শিক্ষার্থীর সাফল্য আইনে বিবৃত আছে যে শর্ত তা হচ্ছে 3-8 গ্রেডের শিক্ষার্থীদের বছরে একবার ইংলিশ ল্যাঙ্গুয়েজ আর্টস (ELA) এবং গণিত বিষয়ে পরীক্ষা দিতে হবে। পরীক্ষার উদ্দেশ্য শিক্ষার্থীরা শিক্ষণ মানে কতটা সুদক্ষ হয়ে উঠছে সেটি পরিমাপ করা এবং তারা যে কলেজ এবং আধুনিক কর্মস্থলের জন্য প্রয়োজনীয় বিশ্লেষণমূলক চিন্তা, সমস্যা সমাধানের ক্ষমতা, এবং যৌক্তিক দক্ষতাসহ হাই স্কুল থেকে গ্রাজুয়েট হবার লক্ষ্যে সঠিক পথে আছে সে বিষয়টি নিশ্চিত করা।

3–8 গ্রেডের পরীক্ষাগুলো কখন নেওয়া হবে?

ELA পরীক্ষার তারিখসমূহ: 11-12 এপ্রিল, 2018
মেক-আপ ইএলএ টেস্ট: 13 এপ্রিল, এবং 16-18 এপ্রিল।
গণিত পরীক্ষা: মে 1-2, 2018
মেক-আপ ম্যাথ টেস্ট: 3-4 মে, এবং 7-9 মে।

গ্রেড পর্যায় অনুযায়ী একটি পূর্ণাঙ্গ সময়সূচি অনলাইনে স্কুল ক্যালেন্ডারে পাওয়া যাবে।

স্টেটের টেস্ট গুরুত্বপূর্ণ কেন?

স্টেটের টেস্ট শিক্ষার্থীর মৌলিক শিক্ষা কর্মসূচির একটি গুরুত্বপূর্ণ অংশ। শিক্ষার্থীরা এবং পরিবার উপকৃত হয় যখন:

- তারা শিক্ষার্থীদের পাঠ্যক্রম অনুযায়ী যেমানে পৌঁছুনো প্রয়োজন তার সাথে সমন্বিতভাবে তাদের পরীক্ষার কার্যসম্পাদনার বিস্তারিত তথ্য লাভ করে।
- প্রত্যেক শিক্ষার্থীর কলেজ, পেশা, এবং জীবনের জন্য প্রস্তুত হতে একই রকম প্রাথমিক ভিত্তি আছে কি নেই সেটি নির্ধারণের ব্যাপারে স্কুলগুলির বিভিন্ন ব্যবস্থা রয়েছে।
- কোন শিক্ষার্থী অথবা শিক্ষার্থী গ্রুপ অগ্রগতি করছে, কারা পিছিয়ে আছে এবং কাদের সহায়তা প্রয়োজন, কারা উচ্চমানের ফল করছে, এবং কোথায় শিক্ষকদের বাড়তি সহায়তা দরকার সেটি নির্ধারণের জন্য স্কুলগুলির ড্যাটা বা তথ্য-উপাত্ত আছে।

জনসাধারণের উদ্বেগের কারণে কীভাবে পরীক্ষা নেয়ার চাপ হ্রাস করা হয়েছে?

জনসাধারণের উদ্বেগের কারণে, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট 3-8 গ্রেডের পরীক্ষায় অনেক পরিবর্তন এনেছে – এর অন্তর্ভুক্ত:

- সময়সীমা নেই এমন পরীক্ষা ব্যবস্থায় পরিবর্তন
- পরীক্ষায় প্রশ্নের সংখ্যা হ্রাস
- ইএলএ এবং গণিত – উভয় পরীক্ষার জন্য টেস্ট অধিবেশনের সংখ্যা তিন দিন থেকে দুই দিনে কমিয়ে আনা এবং টেস্টের বিভিন্ন বিষয় তৈরিতে
- NYC শিক্ষকদের সংশ্লিষ্টতায় প্রশ্নের সংখ্যা আরও কমানো

কী কী ধরনের এবং টেস্টের প্রশ্ন সংখ্যা সম্পর্কেত আরও তথ্যের জন্য, **these guides on Engage NY** দেখুন।

প্রোমোশন অথবা ভর্তির সিদ্ধান্তের বেলায় টেস্টের ফলাফল আর একমাত্র বা প্রাথমিক পরিমাপ হিশেবে ব্যবহৃত হয় না। সারা বছর জুড়ে স্কুলগুলি কমন কোর লার্নিং স্ট্যান্ডার্ড অর্জনে শিক্ষার্থীদের অগ্রগতি মূল্যায়ন করে। বহুবিধ পরিমাপ ব্যবস্থা ব্যবহার করে শিক্ষার্থীদের মূল্যায়ন করা হয় যার মধ্যে আছে কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, সেগুলি হলো গ্রেড, রিপোর্ট কার্ড, শিক্ষার্থীর রাইটিংয়ের নমুনা, প্রোজেক্ট, অ্যাসাইনমেন্ট, অন্য কার্যসম্পাদনা-ভিত্তিক শিক্ষার্থীর কাজ, এছাড়া আছে স্টেট টেস্টের স্কোর। স্টেট টেস্টের স্কোর ব্যবহার করা হতে পারে, প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে সেটা প্রাথমিক বা প্রধান বিষয় হিসেবে গণ্য হতে পারে না। একমাত্র স্টেট টেস্ট না দেওয়ার কারণে শিক্ষার্থীকে শাস্তি দেওয়া বা একই গ্রেডে রেখে দেওয়া যাবেনা।

ইংরেজি ভাষা শিক্ষার্থী ও IEP-যুক্ত শিক্ষার্থীদের প্রমোশনের মানদণ্ডসহ প্রমোশন পোর্টফোলিও সম্পর্কে অধিক তথ্যের জন্য দেখুন: "What to Expect: Promotion and Summer School."[1]

কিছু মিডল ও হাই স্কুলে রয়েছে প্রাতিষ্ঠানিকভাবে বাছাই প্রোগ্রাম যা পরীক্ষার নম্বরকে ভর্তির জন্য বহুসংখ্যক বিবেচ্য বিষয়ের একটি হিসেবে গণ্য করে, যেভাবে মিডল্ স্কুল ডিরেক্টরি[2] এবং হাই স্কুল ডিরেক্টরিতে[3] ব্যাখ্যা করা আছে। পরীক্ষার নম্বরহীন শিক্ষার্থীরা এসব প্রোগ্রামে আবেদনের যোগ্য, এবং স্কুলগুলোকে ভর্তির সিদ্ধান্ত গ্রহণের সময় না পাওয়া পরীক্ষার নম্বরের ক্ষেত্রে কীভাবে সিদ্ধান্ত নিতে হবে, সে ব্যাপারে নীতি তৈরি করার নির্দেশনা দেওয়া হয়েছে। অনুগ্রহ করে স্কুলগুলোর নিজস্ব ভর্তি নীতি সম্পর্কে জানার জন্য সংশ্লিষ্ট স্কুলগুলোর সাথে সরাসরি যোগাযোগ করুন; কোন স্কুল থেকে তাদের ভর্তি নীতি সম্পর্কে জানতে সমস্যা হলে স্কুলের ফ্যামেলি লিডারশিপ কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন।

আমি উদ্বিগ্ন আমার সন্তানের শিক্ষক টেস্ট পরীক্ষা পর্যন্ত তাকে পড়াবে? আমার সন্তানের শিক্ষককে কি তার টেস্ট স্কোরের ভিত্তিতে দায়ী করা যাবে?

না। শিক্ষক এবং প্রিন্সিপ্যালের মূল্যায়নের জন্য স্টেট টেস্ট ফলাফল সম্পর্কিত উদ্বেগের উত্তর স্টেট দিয়েছে। স্টেটের আইন অনুযায়ী, 3-8 গ্রেডের স্টেট ইএলএ ও ম্যাথ পরীক্ষায় শিক্ষার্থীদের কর্মসম্পাদনা শিক্ষক ও প্রিন্সিপ্যালদের বার্ষিক পেশাদারিত্বের কার্যসম্পাদনার মান যাচাইয়ে অন্তর্ভুক্ত হবে না। মহৎ শিক্ষা-নির্দেশনা সবসময়ই যেকোন মূল্যায়নে সর্বোত্তম প্রস্তুতি।

স্টেট টেস্ট সমাপ্ত করতে শিক্ষার্থীকে কতোটুকু সময় নিতে হবে?

টেস্টের জন্য কোন নির্ধারিত সময় নাই।

শিক্ষার্থীরা যা জানে সেটি প্রদর্শনের জন্য তাদের গতিতে তারা কাজ করতে পারে, এবং ফলপ্রসূভাবে কাজ করছে সেটি দেখিয়ে প্রয়োজন মতো সময় তারা নিতে পারে।

---

[1] http://schools.nyc.gov/NR/rdonlyres/64DAAB5A-BED4-4F9C-B9ED-396D6D87FC25/0/Acpolicypromoforfamilies.pdf

[2] http://schools.nyc.gov/ChoicesEnrollment/Middle/Resources/default.htm

[3] http://schools.nyc.gov/ChoicesEnrollment/High/Resources/default.htm

টেস্টের প্রস্তুতির জন্য একজন শিক্ষার্থীর কী করা উচিত?

পরীক্ষার আগের রাতে আপনার সন্তানের যাতে ভালো ঘুম হয় সে ব্যাপারে তাকে সহায়তা করুন; রেস্ট গুরুত্বপূর্ণ।

সকালে, আপনার সন্তানকে বাড়িতে বা স্কুলে নাশতা খেতে উৎসাহিত করুন। নাশতা শিক্ষার্থীদের পরীক্ষার পুরো দিন সতেজ রাখতে সাহায্য করে। আপনাদের সন্তানকে বলুন তার সামর্থ্যর উপর আপনাদের আস্থা আছে।.

পিতামাতা কি পারেন সন্তানদেরকে স্টেট টেস্ট না দেওয়াতে বা সন্তানদের জন্য অন্য কোন বিকল্প মূল্যায়ন বেছে নিতে?

পিতামাতাদের সম্মতি নিতে হয় এমন কিছু ব্যতিক্রম, যেমন প্রতিবন্ধি শিক্ষার্থী এবং ফেডারেল-অর্থায়িত সমীক্ষা ও বিশ্লেষণ, যা সংশোধিত ফেডারেল শিক্ষার্থী অধিকার সুরক্ষা আইনের অধীনে পরিচালিত কমিটি অন স্পেশাল এডুকেশনের মূল্যায়ন, ছাড়া এমন কোন স্টেটের আইন বা প্রবিধান নেই যার দ্বারা পিতামাতাদেরকে সন্তানদের স্টেট টেস্ট থেকে প্রত্যাহারের বা একটি বিকল্প মূল্যায়নের অনুরোধ জানাবার অনুমোদন দেয়। যদি পিতামাতাগণ তাদের সন্তানদেরকে স্টেটের পরীক্ষা দেওয়া থেকে বিরত রাখতে চান, তাহলে তাদের সন্তানদের প্রিন্সিপ্যালের সাথে কথা বলতে হবে। যদি প্রিন্সিপ্যালের সাথে আলোচনার পরও পিতামাতা সন্তানকে পরীক্ষা থেকে প্রত্যাহার করতে চান, তাহলে প্রিন্সিপ্যালকে পিতামাতাদের সিদ্ধান্তের প্রতি সম্মান প্রদর্শন করতে হবে এবং তাদেরকে জানাতে হবে যে, পরীক্ষা চলাকালে ছেলেমেয়েদেরকে একটি বিকল্প শিক্ষামূলক কর্মকাণ্ডে নিয়োজিত করে স্কুল সম্ভাব্য সেরা কাজটি করবে। পিতামাতা ও প্রিন্সিপ্যালকে এ আলোচনার লিখিত নথি সংরক্ষণ করতে হবে।

পিতামাতারা কখন জানতে পারবে তাদের সন্তান পরীক্ষায় কেমন করেছে?

নিউ ইয়র্ক স্টেট ঐতিহাসিকভাবে টেস্টের স্কোর সামারে প্রকাশ করে।

স্টেট ফলাফল প্রকাশ করার পর, পিতামাতা তাদের সন্তানের স্কোর তাদের এনওয়াইসি স্কুলস অ্যাকাউন্টের মাধ্যমে দেখতে পারবেন NYC Schools Account। স্টেট ইনডিভিজুয়াল স্টুডেন্ট রিপোর্টস (শিক্ষার্থীর একক প্রতিবেদন) প্রদান করে যাতে শিক্ষার্থীর কার্যসম্পাদনা সম্পর্কে বিস্তারিত তথ্য থাকে। পরিবারসমূহ স্টেট টেস্টের স্কোর বা অ্যাকাডেমিক অগ্রগতি নিয়ে কথা বলার জন্য তাদের সন্তানদের শিক্ষকের বা প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করতে পারেন।

পিতামাতা পরীক্ষাশেষে তাদের সন্তানের পরীক্ষা অংশবিশেষ পর্যালোচনা করে দেখতে পারবেন। পিতামাতাগণ তাদের সন্তানের ইংরেজি ভাষা শৈলী বুক 2 এবং ম্যাথমেটিক্স বুক 2-এর উন্মুক্ত প্রশ্নপত্রের উত্তর পর্যালোচনার জন্য তাদের সন্তানের স্কুলের সাথে যোগাযোগ করতে পারেন।

যদি কোন শিক্ষার্থী স্টেট টেস্ট না দেয়, তাহলে কি হবে?

টেস্ট দেয়াকে অগ্রাধিকার দান গুরুত্বপূর্ণ। আপনার সন্তানকে সহায়তা প্রদানে আপনার যা করা দরকার অনুগ্রহ করে করুন এবং এই পরীক্ষাগুলির সময় তারা যাতে স্কুলে উপস্থিত থাকে সেবিষয়টি নিশ্চিত করুন।

পরীক্ষার সময় যদি কোন শিক্ষার্থী অনুপস্থিত থাকে, তাহলে সে মেক-আপ (বিকল্প তারিখ) পরীক্ষা দেবার জন্য দ্বিতীয় সুযোগ পাবে। যদি কোন শিক্ষার্থী মেক-আপ সময়েও অনুপস্থিত থাকে, তাহলে শিক্ষার্থী পরীক্ষা দেয়ার বাড়তি আর কোন সুযোগ পাবে না।

যেসব শিক্ষার্থী অংশগ্রহণ করে না তারা কোন স্কোর পাবে না। যেসব শিক্ষার্থী পরীক্ষার যে কোন অংশের এক বা অধিক প্রশ্নের উত্তর প্রদান করে, তাহলে সে অংশগ্রহণ করেছে বলে গণ্য করা হবে এবং তাকে স্কোর দেওয়া হবে।

স্টেট এবং ফেডারেল দায়বদ্ধতার শর্তের অধীনে, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট স্কুলগুলিকে তাদের কার্যসম্পাদনা অনুযায়ী পর্যায়বৃত্তভাবে মূল্যায়ন এবং তাদের অবস্থান কী সেটিও নির্ধারণ করে। সাধারণভাবে, স্টেট টেস্টে নিম্ন হারের অংশগ্রহণ কোন একটি স্কুলকে নিম্ন কার্যসম্পাদনার স্কুল হিশেবে চিহ্নিত করার ঝুঁকি বৃদ্ধি করতে পারে। সর্বোনিম্ন কার্যসম্পাদনার স্কুলগুলির জন্য ডিওই অথবা স্টেট কর্তৃক বাড়তি উন্নতির প্রচেষ্টা দিতে হবে। এছাড়া, যেসব স্কুলের স্টেট টেস্টে অংশগ্রহণের হার 95% এর কম, তাদের স্টেট টেস্টে অংশগ্রহণ বৃদ্ধিতে একটি পরিকল্পনা আবশ্যক।

অতীতে, যেসব স্কুল স্টেট থেকে হাই স্কুল সাফল্য অথবা অনেক উন্নতির জন্য রিওয়ার্ড খ্যাতি লাভ করেছে তারা অর্থ অনুদান ($50,000 পর্যন্ত) পাবার যোগ্য বিবেচিত হয়েছ যাতে তারা স্কুলের সর্বোত্তম অনুশীল পারে। এই খ্যাতি পাওয়া এবং বাড়তি অর্থ লাভের যোগ্য হতে, স্কুলগুলির স্টেট টেস্টের অংশগ্রহণের হার ন্যূনতম 95% হতে হবে।